# Times Today BD

চট্টগ্রাম | 13 May, 2025

চট্টগ্রাম নগরীর সিআরবিতে অবস্থিত চট্টগ্রাম রেলওয়ে হাসপাতাল এর বহিঃবিভাগ ও অন্তঃবিভাগের  চিকিৎসাসেবা কার্যক্রম রেলওয়ের কর্মকর্তা-কর্মচারী ও তাদের পোষ্যদের পাশাপাশি এবার সর্বস্তরের মানুষের জন্য উন্মুক্ত করে দেয়া হচ্ছে।বুধবার (১৪ মে) রেলওয়ে হাসপাতালের বহিঃবিভাগ ও অন্তঃবিভাগের চিকিৎসাসেবা কার্যক্রম সর্বসাধারণের জন্য উন্মুক্ত করে দেয়া হবে। এদিন উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন রেলপথ মন্ত্রণালয়ের উপদেষ্টা ফাওজুল কবির খান এবং স্বাস্থ্য উপদেষ্টা নুর জাহান বেগম।

এর আগে সোমবার (২১ এপ্রিল) সচিবালয়ে রেলপথ মন্ত্রণালয় ও স্বাস্থ্যসেবা বিভাগের মধ্যে একটি সমঝোতা স্মারক সই হয়।এখন থেকে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সঙ্গে যৌথভাবে পরিচালিত হবে রেলওয়ের হাসপাতালগুলো।সমঝোতা সই হওয়ার পর চট্টগ্রাম রেলওয়ে হাসপাতালের নাম পরিবর্তন করে ‘রেলওয়ে জেনারেল হাসপাতাল-চট্টগ্রাম’ করা হয়েছে।

চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয় সূত্রে জানা গেছে, চট্টগ্রাম রেলওয়ে হাসপাতালে চিকিৎসাসেবা প্রদানের লক্ষ্যে পর্যাপ্ত সংখ্যক বিশেষজ্ঞ চিকিৎসক ও মেডিকেল অফিসার পদায়ন করা হয়েছে। এছাড়া নার্স, মেডিকেল টেকনোলজিস্ট, ওয়ার্ডবয়, পরিচ্ছন্নতাকর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে।এই হাসপাতালে ১৯ জন ডাক্তার ও ৯ জন নার্স পদায়ন করেছে। হাসপাতালটিতে অর্থপেডিক্স, গাইনি এন্ড অবস, মেডিসিন, চর্ম ও যৌন, কার্ডিওলজি, ইএনটি, ডেন্টাল ও সার্জারি সেবা দেওয়া হবে। এছাড়া ল্যাবরেটরি ও রেডিওলজির সেবাও রয়েছে।হাসপাতালের আউটডোর সার্ভিস সবার জন্য উন্মুক্ত।পর্যায়ক্রমে

ইনডোর সার্ভিস চালু হবে।

এ বিষয়ে চট্টগ্রামের সিভিল সার্জন ডা. জাহাঙ্গীর আলম বলেন, বুধবার (১৪ মে) থেকে চট্টগ্রাম রেলওয়ে হাসপাতালের বহিঃবিভাগ ও অন্ত”বিভাগের চিকিৎসাসেবা কার্যক্রম সর্বসাধারণের জন্য উন্মুক্ত করে দেয়া হবে।ইতিমধ্যে চিকিৎসাসেবা প্রদানের লক্ষ্যে পর্যাপ্ত সংখ্যক বিশেষজ্ঞ চিকিৎসক ও মেডিকেল অফিসার পদায়ন করা হয়েছে।

এছাড়া নার্স, মেডিকেল টেকনোলজিস্ট, ওয়ার্ড বয়, পরিচ্ছন্নতা কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে।এই হাসপাতালে সেবা গ্রহণের জন্য নগরবাসীকে আহ্বান জানান তিনি।

প্রসঙ্গত, শুক্রবার (১১ এপ্রিল) সকালে চট্টগ্রাম নগরীর সিআরবির চট্টগ্রাম রেলওয়ে হাসপাতাল পরিদর্শন করেন রেলপথ উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান।

রেলওয়ে হাসপাতাল

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:58

URL: https://www.timestodaybd.com/chittagong/2432902846